ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট ।
============

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মোঃ শাহজাহান মিয়া'র সভাপতিত্বে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে ৩১-১০-৯২ ইং বেলা ১২-৪৫ ঘটিকায় অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | |
|---|---|---|
| ১। লেঃ কর্ণেল মুহঃ আসাদুল ইসলাম,<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ২। উইং কমান্ডার ম, মাসিদুর রহমান<br>অধিনায়ক,<br>প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার এর প্রতিনিধি<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৩। মেজর মোঃ শামছুল হক,<br>অধিনায়ক, এস এইচ ও,<br>এস ই এম ই'র প্রতিনিধি, সি এম এইচ,<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৪। লেঃ এম, জি, হোসেন,<br>বি এন এস হাজী মুহসিন,<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৫। স্কুঃ লেঃ (অবঃ) এ বিএম এ রশিদ<br>ডি ও এইচ এস বনানী,<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৬। জনাব মোঃ আবদল ওয়াহাব,<br>প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট,<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৭। লেঃ কর্ণেল (অবঃ) শামছুল হক,<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি । | - সদস্য | - উপস্থিত । |
| ৮। উইং কমান্ডার (অবঃ) এম, শামছুর রহমান<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি । | - সদস্য | - উপস্থিত । |
| ৯। কমান্ডার (অবঃ) টি, আই, এম, নুরুন নবী<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি । | - সদস্য | - উপস্থিত । |
| ১০। লেঃ কর্ণেল (অবঃ) শামছুল আলম জোয়ারদার<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি । | - সদস্য | - অনুপস্থিত । |
| ১১। জনাব মোঃ আবদল করিম,<br>ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার,<br>ঢাকা ক্যান্টনমেন্ট । | - সেক্রেটারী | - উপস্থিত । |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন । সভার আলোচ্যসূচীর আলোকে বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ ঃ গত ৩০-৯-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্ত কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ৩০-৯-৯২ ইং তারিখের সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল । উক্ত কার্য বিবরণীর ১৬ নং এজেন্ডাতে বর্ণিত শিশু পার্কের বিভিন্ন সরঞ্জামের মূল্যানুমান অধিকতর বিবেচিত হওয়ায় উক্ত প্রকল্প বাস্তবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হইল । ইতিপূর্বে অনুমোদিত, কিন্তু বাস্তবায়নের জন্য অর্থ পাওয়া যায় নাই এই ধরনের প্রকল্পের তালিকা আগামী সভায় পেশ করার জন্য সি ই ও, ঢাকাকে অনুরোধ করা গেল ।

২য় পৃঃ দ্রঃ
======

প্রস্তাব নং-২ ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের সেপ্টেম্বর'৯২ ইং মাসের আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত হিসাব অবহিত হওয়া গেল। তবে স্কুল, হাসপাতাল, বাজার এলাকা, ডি ও এইচ এস প্রভৃতির আয়/ব্যয়ের তুলনামূলক বিবৃতি সভায় পেশ করার জন্য সি, ই, ও, ঢাকা'কে অনুরোধ করা গেল।

প্রস্তাব নং-৩ ঃ এস ই এম ও'র সেপ্টেম্বর'৯২ ইং মাসের মাসিক স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত প্রতিবেদন অবহিত হওয়া গেল। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের উন্নয়নের লক্ষে বাজার কমিটির সদস্যবৃন্দ এবং স্থানীয় রিকসা মালিক/চালক সমিতির প্রতিনিধিদের একটি যৌথ সভা আহবানের জন্য সি ই ও, ঢাকাকে অনুরোধ করা হইল।

প্রস্তাব নং-৪ ঃ শহীদ জাহাংগীর গেইটের দক্ষিণে অবস্থিত "মুরাল ওয়াল" সম্প্রসারণ, রূপায়ন ও অলংকরন কাজের ৩৩,৫০,০০০'০০ (তেত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান ও সর্বনিম্ন দরদাতার দর অবহিত হওয়া ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ আসন্ন সার্ক শীর্ষ সম্মেলন, ১৯৯২ উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের উপর ন্যস্ত "মুরাল ওয়াল" সম্প্রসারণ, রূপায়ন এবং অলংকরনের জন্য ৩৩,৫০,০০০'০০ (তেত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। উক্ত প্রকল্পের "সিডিউল আইটেম" এর জন্য সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স মৌ কনষ্ট্রাকশন এর উদ্ধৃত ০৭% উর্ধ দর (এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী) অনুমোদন করা গেল। প্রকল্পটি তদারক করার জন্য বাংলাদেশের প্রধান স্থপতির প্রতিনিধি, সি এম ই এস (আর্মি) ঢাকা এর প্রতিনিধি এবং বোর্ডের সম্মানিত সদস্য কমান্ডার(অবঃ) টি আই এম নুরুন নবীর সমন্বয়ে একটি তদারকী কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হইল। আগামী ৫-১১-৯২ ইং তারিখের মধ্যে সরকারী অনুদান পাওয়া গেলে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে অবিলম্বে সিডিউল আইটেমের কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল। নন-সিডিউল আইটেমের রেইট অনুমোদনের জন্য প্রধান স্থপতির প্রতিনিধির উপস্থিতিতে আগামী ০৯-১১-৯২ ইং তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডের একটি বিশেষ সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হইল। উল্লেখিত ০৫-১১-৯২ ইং তারিখের মধ্যে সরকারী অনুদান এবং প্রকল্পের অনুমোদন পাওয়া না গেলে সময়ের স্বল্পতার কারণে কারিগরী দৃষ্টিকোণ হইতে বিবেচনা করিয়া উক্ত প্রকল্প বাস্তবায়ন করা বোর্ডের পক্ষে সম্ভবপর হইবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৫ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড কবরস্থানের সলিং রাস্তা হইতে পূর্ব দিকে কবরে যাওয়ার রাস্তা পি সি সি করণ ঃ

বনানীস্থ ক্যান্টনমেন্ট কবরস্থানের বর্তমান সলিং রাস্তা হইতে পূর্ব দিকের কবর সমূহে যাওয়ার রাস্তা পি সি সি করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৪০,১০০'০০ (চল্লিশ হাজার একশত) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোক্ত রাস্তা পি সি সি করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৪০,১০০'০০ (চল্লিশ হাজার একশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-৬ ঃ শহীদ সরণী মার্কিং ও পেইন্টিং করণ ঃ

শহীদ সরণী মার্কিং ও পেইন্টিং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৭৭,১৩৬'০০ (সাতাত্তর হাজার একশত ছত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোক্ত সড়ক মার্কিং ও পেইন্টিং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৭৭,১৩৬'০০ (সাতাত্তর হাজার একশত ছত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। উক্ত কাজটি আগামী ২১-১১-৯২ ইং তারিখ অর্থাৎ সশস্ত্র বাহিনী দিবসের পূর্বে সম্পন্ন করিতে হইবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

৩য় পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৭ :** ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ড অফিসের সম্মুখের রাস্তা মেরামত ও কার্পেটিং করণ :

ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ড অফিস সম্মুখস্থ সড়ক মেরামত ও কার্পেটিং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৩,০৫,০০০'০০ ( তিন লক্ষ পাঁচ হাজার ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

**গৃহীত সিদ্ধান্ত :** উপরোক্ত সড়ক মেরামত ও কার্পেটিং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৩,০৫,০০০'০০ ( তিন লক্ষ পাঁচ হাজার ) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল ।

**প্রস্তাব নং-৮ :** জিয়া কলোনীর এম পি চেক পোষ্ট হইতে আই এস এস বি গেইট পর্যন্ত রাস্তা মেরামত করণ :

জিয়া কলোনীর এম পি চেক পোষ্ট হইতে আই এস এস বি'র গেইট পর্যন্ত রাস্তা মেরামত করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ১,৫০,০০০'০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

**গৃহীত সিদ্ধান্ত :** অর্থের স্বল্পতার কারণে উপরোক্ত কাজটি বাস্তবায়ন করা সম্ভব নহে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হইল । বিষয়টি সড়ক ও জনপথ বিভাগকে গোচরিভূত করা হউক এবং তাঁহাদেরকে মেরামতের জন্য অনুরোধ করা হউক ।

**প্রস্তাব নং-৯ :** শহীদ সরণী তৃতীয় গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার বৈদ্যুতিক খুঁটি রং করণ :

সেনানিবাসস্থ শহীদ সরণীর তৃতীয় গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের বৈদ্যুতিক খুঁটি সমূহের রং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৩৩,৪০০'০০ ( তেত্রিশ হাজার চারশত ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

**গৃহীত সিদ্ধান্ত :** উপরোক্ত রাস্তার বৈদ্যুতিক খুঁটি রং করার নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইংঅনুযায়ী মোট ৩৩,৪০০'০০ ( তেত্রিশ হাজার চারশত ) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল । উক্ত কাজটি আগামী ২১-১১-৯২ ইং তারিখ অর্থাৎ সশস্ত্র বাহিনী দিবসের পূর্বে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-১০ :** ক্যাণ্টনমেন্ট বাজার আবাসিক এলাকার পানির পাম্প মেরামত ও নূতন পাম্প মেশিন ক্রয় :

ক্যাণ্টনমেন্ট বাজার আবাসিক এলাকার বর্তমান ৫" ডায়া বিশিষ্ট গভীর পানির পাম্পটি উঠাইয়া উহা ২০'-০" পর্যন্ত কলাম পাইপ ও সেফ্‌ট বর্ধিত করণসহ যাবতীয় মেরামত কাজের নিমিত্ত স্থানীয় বাজারদর অনুযায়ী মোট ৩৪,৬০০'০০ ( চোত্রিশ হাজার ছয়শত ) টাকার মূল্যানুমান এবং উক্ত পাম্পটি বার বার নষ্ট হওয়ায় একটি নূতন পাম্প ক্রয়ের নিমিত্ত বাজার দর অনুযায়ী আনুমানিক ১,৫০,০০০'০০ ( এক লক্ষ পঞ্চাশ হাজার ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

**গৃহীত সিদ্ধান্ত :** উপরোক্ত পাম্প মেরামতের নিমিত্ত স্থানীয় বাজার দর অনুযায়ী মোট ৩৪,৬০০'০০( চোত্রিশ হাজার ছয়শত ) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল । ইহা ছাড়া একটি নূতন পাম্প ক্রয়ের নিমিত্ত স্থানীয় বাজার দর অনুযায়ী ১,৫০,০০০'০০ ( এক লক্ষ পঞ্চাশ হাজার ) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল ।

**প্রস্তাব নং-১১ :** মহাখালী ডি ও এইচ এস পার্কে বেঞ্চ স্থাপন ও গাছের বেষ্টনী নির্মাণ করণ :

মহাখালী ডি ও এইচ এস এলাকার পার্কে বেঞ্চ স্থাপন ও গাছের বেষ্টনী নির্মাণ করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৪১,৩৯৫'০০ (একচল্লিশ হাজার তিনশত পঁচানব্বই ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

**গৃহীত সিদ্ধান্ত :** মহাখালী ডি ও এইচ এস এলাকার পার্কে ~~ব~~ বেঞ্চ স্থাপনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ১০,৯৬২'০০ ( দশ হাজার নয়শত বাষট্টি ) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল । তবে উক্ত পার্কের গাছের বেষ্টনী নির্মানের বিষয়টি পরবর্তীতে বিবেচনা করা হইবে ।

৪র্থ পৃঃ দ্রঃ
======

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বাথরুম পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষন প্রসংগে ঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বাথরুমগুলি সার্বক্ষনিক পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যাপারে মোঃ ইব্রাহিম, গ্রামঃ ভাতশালা, পোঃ ভালশালা, থানা ঃ বাকেরগঞ্জ, জেলা ঃ বরিশালের গত ১৩-১০-৯২ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করা ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বাথরুমগুলি স্থানীয় ভাবে দরপত্র আহবানের মাধ্যমে সর্বোচ্চ দরপত্রদাতা দ্বারা নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হইল । তবে সর্বোচ্চ দরপত্রদাতা কর্তৃক উক্ত বাথরুমে প্রতিবারে পায়খানা করার জন্য ০.৫০ টাকা এবং প্রস্রাব করার জন্য ০.[illegible] টাকা হারে চার্জ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৩ঃ মহাখালী আব্বাস গার্ডেন এলাকার রাস্তা কার্পেটিং এর সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ ঃ

মহাখালী আব্বাস গার্ডেন এলাকার রাস্তা কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ । নিম্নে উহার বিবরণ প্রদত্ত হইল ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | সংশোধিত মূল্যানুমান | সংশোধিত হওয়ার কারণ |
|---|---|---|---|---|
| (১) | আব্বাস গার্ডেন এলাকার রাস্তা কার্পেটিং করণ । | =১,৯৬,০৮৯/=টাঃ | = ২,৭১,২৮৬/=টাঃ | (১) কার্পেটিং এর পরিমাণ ১৪৭২.৭০ বঃ ফুট বৃদ্ধি ।<br>(২) ওয়াসা এবং টিএন্ডটি কর্তৃক রাস্তা কাটার জায়গা সলিং করণ ।<br>(৩) রাস্তার সমতল মিলানোর জন্য ২" খোয়া কনসোলিডেশন করণ ।<br>(৪) উক্ত স্থানে একটি কালভার্ট ড্রেন নির্মাণ ।<br>(৫) পূর্বে মূল্যানুমানের কাটা পাথরের মধ্যে সিলেট সেন্ড না ধরার কারণ । |

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত রাস্তা কার্পেটিং এর নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ২,৭১,২৮৬.০০ (দুই লক্ষ একাত্তর হাজার দুইশত ছিয়াশি) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা গেল । তবে ভবিষ্যতে অনুমোদিত মূল্যানুমানের চেয়ে অধিকতর খরচ পরিহার করার জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেওয়ার জন্য সি ই ও'কে অনুরোধ করা গেল ।

প্রস্তাব নং-১৪ঃ মহাখালী ডিওএইচএস এলাকার তৃতীয় ধাপের দরপত্র অনুমোদন করণ ঃ

মহাখালী ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-১৯/এ, ১৯/বি, ১৯/সি এবং ২২(আংশিক)এর রাস্তা কার্পেটিং করনের নিমিত্ত মেসার্স ইরা এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী ২১% নিম্ন হার অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত কাজের জন্য মেসার্স ইরা এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী ২১% নিম্ন হার অনুমোদন করা গেল ।

প্রস্তাব নং-১৫ঃ মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-৮ প্রশস্থ করণসহ ফুটপাথ ও পাইপ ড্রেন নির্মাণ ঃ

মহাখালী ডিওএইচ এস এলাকার রোড নং-৮ এর পশ্চিম মাথার সংযোগ স্থল প্রশস্থ করণসহ উক্ত স্থানের ফুটপাথ ও পাইপ ড্রেন নির্মানের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ১,৭৮,৫০০/=(এক লক্ষ আটাত্তর হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোক্ত রাস্তা প্রশস্থ করণসহ উক্ত স্থানের ফুটপাথ ও পাইপ ড্রেন নির্মানের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী মোট ১,৭৮,৫০০/=(এক লক্ষ আটাত্তর হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল ।

৫ম পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-১৬ঃ** নিজ খরচে মহাখালী ডি ও এইচ এস প্লট নং-২৬২ এর রাস্তা সলিং করণ ঃ

গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) মোঃ শওকাত-উল-ইসলামের মহাখালী ডি ও এইচ এস প্লট নং-২৬২ এর সামনের রাস্তাটি (আংশিক) তাঁহার নিজ খরচে সলিং করার ব্যাপারে তাঁহার গত ০৮-১০-৯২ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত বিষয়ে বোর্ডের কিছু করনীয় নাই। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করা হউক।

**প্রস্তাব নং-১৭ঃ** সেনানিবাসসহ ডি ও এইচ এস এলাকা ব্যতিত অন্যান্য স্থানে ৬ষ্ঠ তলা পর্যন্ত বিল্ডিং নির্মানের নিমিত্ত বিল্ডিং বাই-'ল' সংশোধন করণ ঃ

গত ৩০-৯-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড রেজুলেশন নং-৩৩(বিবিধ) (ক) এর মধ্যে ডি ও এইচ এস এলাকায় ৫ তলার অধিক ইমারত নির্মাণ ব্যতিত সেনানিবাসের অন্যান্য এলাকায় ৬ তলা পর্যন্ত ইমারত নির্মাণ করা যাইবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্তমান বিল্ডিং বাই-'ল' সংশোধন করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন ও অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** সেনানিবাসসহ ডি ও এইচ এস এলাকা ব্যতিত অন্যান্য স্থানে ৬ষ্ঠ তলা পর্যন্ত বিল্ডিং নির্মানের ব্যাপারে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা এর মতামত সংগ্রহ করতঃ বিষয়টি পুনরায় বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৮ঃ** বাড়ীর নক্সা অনুমোদন করণ ঃ

সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের ব্যাপারে বিভিন্ন আবেদনকারীর নক্সা অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের নিমিত্ত নিম্নবর্ণিত ৮(আট) জন আবেদনকারীর বাড়ীর নক্সা অনুমোদন করা গেল ঃ-

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | | প্লট নম্বর | এলাকার নাম |
|---|---|---|---|---|
| (১) | লেঃকর্ণেল (অবঃ) এম, আলাউদ্দিন মিয়া | - | ২৯/বি, | বনানী ডিওএইচএস(সংশোধিত) |
| (২) | কমোডর এ এম এ আলম | - | ৪৫২, | মহাখালী ডিওএইচএস, ঢাকা ক্যান্ট। |
| (৩) | ক্যাপ্টেন মোঃ আনোয়ারুল হক | - | ৪৭/এ, | বনানী ডিওএইচএস, " |
| (৪) | কর্ণেল মোঃ আবুল হোসেন, পিএসসি | - | ৩২৪, | মহাখালী ডিওএইচএস " |
| (৫) | মিসেস শামীমা এ খান | - | ৭৪, | ক্যান্টঃ আবাসিক এলাকা(সংশোধিত) |
| (৬) | সরকার খালেদ ইকবাল | - | সিএস প্লট নং-১০২(আংশিক) | লালাসরাই |
| (৭) | মোঃ আজিজুল হক ও অন্যান্য | - | সিএস প্লট নং-১৪৯(আংশিক) | লালাসরাই |
| (৮) | মিসেস সাফিয়া খাতুন | - | সিএস প্লট নং-১৫০(আংশিক) | লালাসরাই। |

**প্রস্তাব নং-১৯ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট এর বর্ধিত এলাকায় কচুক্ষেতে গার্মেন্টস শিল্প স্থাপনের অনুমতি ও ট্রেড লাইসেন্স ইস্যু করনের বিষয় অনুমোদন ঃ

(ক) ক্যান্টনমেন্টের বর্ধিত এলাকায় কচুক্ষেতে ২০৬/এ নং হোল্ডিংয়ে সাদলী ইন্টারন্যাশনাল লিঃ ফার্মের নামে গার্মেন্টস ইন্ডাষ্ট্রি স্থাপনের নিমিত্ত তাঁহাদের ১০-৮-৯২ ইং তারিখের আবেদন গত ২৭-৮-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভায় প্রস্তাব উপস্থাপন করা হইয়াছিল। উল্লেখিত আবেদন বিবেচনান্তে বোর্ড ইহার ১৯(চ) নং সিদ্ধান্তে বোর্ডের সম্মানিত সদস্য ফ্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ'কে যাচাই করিয়া প্রতিবেদন পেশ করার অনুরোধ করেন এবং প্রতিবেদনসহ পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপন করার সিদ্ধান্ত গ্রহন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক বোর্ডের সম্মানিত সদস্য ফ্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ কর্তৃক পেশকৃত ৩১-৮-৯২ ইং তারিখের প্রতিবেদন সভায় পরবর্তী সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থাপন করা হইল।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

(খ) কচুক্ষেত এলাকায় অবস্থিত হোল্ডিং নং-২০৬/২, প্লট নং-১৯১'তে তৈরীপোষাক ও গার্মেন্টস স্থাপনের নিমিত্ত অনুমতি প্রদান ও ট্রেড লাইসেন্স ইস্যু করনের নিমিত্ত প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের জন্য জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, মেসার্স রেজুয়ান গার্মেন্টস লিঃএর ০১-১০-৯২ ইং তারিখের আবেদন উপস্থাপন করা গেল।

হীত সিদ্ধান্ত ঃ অনুমোদন দেওয়া গেল।

সুাব নং-২০ ঃ মুরগীর খামার স্থাপনের অনুমতি ঃ

কচুক্ষেত এলাকায় খালি জমিতে মুরগীর খামার করার জন্য সিদ্ধান্ত গ্রহনের জন্য মেজর (অবঃ) আনোয়ার হোসেনের ৩০-৯-৯২ ইং তারিখের আবেদন উপস্থাপন করা গেল।

হীত সিদ্ধান্ত ঃ আবেদনকারীর প্রার্থীত জায়গাটি বিমান বাহিনী প্রধানের সরকারী বাস ভবনের নিকটে বিধায় উক্ত স্থানে মুরগীর খামার স্থাপনের ব্যাপারে বিমান সদর দপ্তর এর ছাড়পত্র গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হইল।

সুাব নং-২১ ঃ ক্যান্টঃ আবাসিক এলাকায় ৩০-ডি/১ প্লটে অবস্থিত বাড়ীর নামজারী প্রসংগে ঃ

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৩০-ডি/১ প্লটে অবস্থিত বাড়ীর নামজারীর অনুমোদনের জন্য আইন উপদেষ্টার মতামতসহ সকল কাগজপত্র উপস্থাপন করা হইল।

হীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পুনরায় পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

সুাব নং-২২ ঃ বনানী কবরস্থানের পার্শ্বে অস্থায়ীভাবে নার্সারীর জন্য বরাদ্দকৃত জমির ইজারার মেয়াদ বৃদ্ধি প্রসংগে ঃ

বনানী কবরস্থানের পার্শ্বে অস্থায়ী ভিত্তিতে নার্সারী করার জন্য বোর্ডের গত ০৫-১২-৯১ ইং তারিখের ১২ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে ০১-১১-৯১ ইং হইতে ৩১-১০-৯২ ইং পর্যন্ত ১(এক) বৎসরের জন্য ১৯,৫০০/=(উনিশ হাজার পাঁচশত) টাকা খাজনা পরিশোধ সাপেক্ষে মেসার্স তরঙ্গকুঞ্জ নার্সারীকে বরাদ্দ দেওয়া হইয়াছিল। উক্ত বরাদ্দের মেয়াদ আগামী ৩১-১০-৯২ ইং তারিখে শেষ হইয়া যাইবে। মেসার্স তরঙ্গকুঞ্জ নার্সারীর মালিক উক্ত জমি বরাদ্দের মেয়াদ পুনরায় ১(এক) বৎসর বৃদ্ধি করার জন্য গত ১৪-১০-৯২ ইং তারিখে আবেদন পেশ করিয়াছেন। তাঁহার আবেদন বিবেচনার জন্য উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত ঃ বনানী কবরস্থানের পার্শ্বে অস্থায়ীভাবে নার্সারীর জন্য বরাদ্দকৃত জমি ইজারার মেয়াদ ২১,০০০/=(একুশ হাজার) টাকা খাজনা পরিশোধ সাপেক্ষে ০১-১১-৯২ ইং হইতে পুনরায় এক বৎসরের জন্য বর্ধিত করা গেল।

সুাব নং-২৩ ঃ ক্যান্টঃ সুপার মার্কেটে পুবালী ব্যাংকের শাখা স্থাপন ঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে পুবালী ব্যাংক লিমিটেড কর্তৃক একটি শাখা স্থাপনের নিমিত্ত স্থান বরাদ্দের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহনের জন্য তাঁহাদের ২৯-৯-৯২ ইং তারিখের আবেদনপত্রখানা সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে পুবালী ব্যাংকের শাখা স্থাপনের ব্যাপারে প্রাপ্ত আবেদনপত্রখানা পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

৭ম পৃঃ দ্রঃ
=======

নং-২৪ ৪ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে দোকানের জায়গা বরাদ্দ করণ ৪

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে দোকানের জায়গা বরাদ্দের নিমিত্ত ৩৯২৩৫ অনারারী ক্যাপ্টেন মোঃ সিরাজুল হক, বিপি এর ১৪-৯-৯২ ইং তারিখের আবেদনপত্র এবং স্টেশন সদর দপ্তরের ১৭-১০-৯২ ইং তারিখের ৬১৯/৪/এ.নং পত্র এবং নায়েব সুবেদার মোহাম্মদ আলী মন্ডলের আবেদনপত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্ত ৪ অনারারী ক্যাপ্টেন মোঃসিরাজুল হক, বিপি এর আবেদনের ব্যাপারে প্রচলিত বিধি অনুযায়ী কিভাবে তাঁহাকে একটি জায়গা দেওয়া যাইতে পারে তাহা উল্লেখ পূর্বক স্টেশন সদর দপ্তরে পত্র লিখা হউক। ইহা ছাড়া নাঃসুবেদার মোহাম্মদ আলী মন্ডল বর্তমানে চাকুরীরত বিধায় তাঁহার আবেদন বিবেচনা করার অবকাশ নাই।

নং-২৫ ৪ আবাসিক এলাকায় শান্তি ভংগের অভিযোগ ৪

পুরাতন ডি ও এইচ এস বনানীর ১০০ নং প্লটে বরাদ্দলাভকারী বেগম কোহিনুর হোসেনের ১২-১০-৯২ ইং তারিখের অভিযোগের প্রেক্ষিতে সিদ্ধান্ত গ্রহন।

সিদ্ধান্ত ৪ বেগম কোহিনুর হোসেনের অভিযোগের প্রেক্ষিতে বনানী ডিওএইচএস এর ৯৯ নং প্লট বরাদ্দলাভকারী মেজর(অবঃ) এ বি এম আকবর হোসেন'কে নোটিশ ইস্যু করা হউক।

নং-২৬ ৪ সম্মানী প্রদান ৪

অত্র বোর্ডের রাজস্ব শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে ১৯৯০-৯১ আর্থিক সাল হইতে ১৯৯১-৯২ইং আর্থিক সালে অতিরিক্ত রাজস্ব আদায় করনের নিমিত্ত কাজের স্বীকৃতি হিসাবে সম্মানী প্রদানের জন্য রেভিনিউ অফিসার জনাব মোঃমোসুফা ভূঁইয়ার ২৫-১০-৯২ ইং তারিখের আবেদন সভায় উপস্থাপন করা হইল।

সিদ্ধান্ত ৪ রাজস্ব শাখার কর্মকর্তা /কর্মচারীদিগকে অধিক কর আদায়ের জন্য তাঁহাদের প্রশংসাজনিত কাজের স্বীকৃতি সরূপ নিম্নবর্ণিত হারে সম্মানী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য 'সাভূস' অধিদপ্তরে প্রেরণ করা হউক।

| ক্রমিক নং | পদবী | | সম্মানীর হার |
|---|---|---|---|
| (১) | রেভিনিউ অফিসার | - | ৫০০'০০ টাকা প্রতিজন। |
| (২) | ট্যাক্স সুপার | - | ৪০০'০০ টাকা " |
| (৩) | ট্যাক্স ক্লার্ক /ট্যাক্স কালেক্টর | - | ৩০০'০০ টাকা " |
| (৪) | ট্যাক্স পিয়ন | - | ২০০'০০ টাকা " |

সুব নং-২৭ ৪ মহাখালী ডি ও এইচ এস পার্কের ভিতর সিরামিক ইট দ্বারা ফুটপাথ তৈরীর জন্য ২,৫৮,১৩০'০০ (দুই লক্ষ আটান্ন হাজার একশত ত্রিশ) টাকার (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী) মূল্যানুমান অনুমোদন করণ।

হীত সিদ্ধান্ত ৪ উক্ত প্রকল্পের মূল্যানুমান পুনরায় পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

সুব নং-২৮ ৪ বিবিধ ৪

(ক) সিগন্যাল গেইট হইতে বি এ এফ গার্ডরুম পর্যন্ত রাস্তা কার্পেটিং এর নিমিত্ত গ্রুপ-'ক' এর জন্য মেসার্স আবদুল হালিম লিঃ সর্বনিম্ন দরদাতাকে গত ৩০-৭-৯২ ইং তারিখে কার্যাদেশ দেওয়া হয়। সংশ্লিষ্ট ঠিকাদারকে পুনঃ পুনঃ নোটিশ দেওয়া সত্ত্বেও উক্ত কাজের কোন অগ্রগতি হয় নাই। উক্ত ঠিকাদারকে সর্বশেষ ১৫-১১-৯২ ইং তারিখ পর্যন্ত সময় সীমা নির্ধারণ করিয়া দেওয়া হয়। কিন্তু সরেজমিনে দেখা যায় উক্ত ঠিকাদার কোন কাজ করিতেছে না। এমতাবস্থায় উক্ত কাজটি সম্পন্ন করার লক্ষ্যে পরবর্তী সিদ্ধান্ত প্রদানের বিষয় বিবেচনা করণ।

৮ম পৃঃদ্রঃ

(খ) বিমান বাহিনীর পুরাতন বিমান বন্দরস্থ তথা ও নির্বাচনী কেন্দ্রের পার্শ্বের বাস ষ্ট্যান্ড অপসারণ প্রসংগে "সাতুসে" অধিদপ্তরের ২৮-১০-৯২ ইং তারিখের ১৮/এমএলএন্ডসি/এস/ ১০৮/শাখা৩/২ নং পত্র উপস্থাপন করা গেল।

(গ) ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন বাস্তবায়নাধীন প্রকল্প তদারকীর জন্য একটি কমিটি গঠন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- (ক) আগামী ১৫-১১-৯২ ইং তারিখের মধ্যে উক্ত প্রকল্পের কাজ সমাপ্ত করিতে না পারিলে ঐ তারিখ পর্যন্ত মেসার্স আবদুল হালিম লিঃ কর্তৃক সম্পাদিত কাজের যৌথ পরিমাপ গ্রহন করিয়া অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য একই সড়কের "খ" গ্রুপের ঠিকাদার মেসার্স দেলোয়ারা ট্রেডার্সকে তাঁহার সম্মতি গ্রহন করিয়া একই রেইটে কার্য সম্পাদনের জন্য কার্যাদেশ দেওয়া হউক। চুক্তিপত্র মোতাবেক মেসার্স আবদুল হালিম লিঃ কাজ করিতে ব্যর্থ হওয়ায় চুক্তিপত্রের শর্ত মোতাবেক তাঁহাদের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হউক।

(খ) উক্ত বিষয়ে এম ই ও, ঢাকাকে পত্র লিখার জন্য "সাতুসে" অধিদপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(গ) ক্যান্টনমেন্ট বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্প সমূহ তদারকীর জন্য নিম্নবর্ণিত তদারকী কমিটি গঠন করা গেল ঃ-

(১) সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাস -- সভাপতি।

(২) সি, ই, ও, ঢাকা সেনানিবাস -- সদস্য।

(৩) ও সি, এডমিন উইং, বেস বাশার এর প্রতিনিধি -- সদস্য।

(৪) বি এন এস হাজী মহসিন এর প্রতিনিধি -- সদস্য।

(৫) কমান্ডার (অবঃ) টি আই এম নূরুন নবী -- সদস্য।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল মোঃ শাহজাহান মিয়া )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

শেষ/-
===